# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

বিজ্ঞপ্তি নং : ৭২ | তারিখ : ২১/০১/২০১৯

## পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তকের জন্য পাণ্ডুলিপি আহ্বান

পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী রচিত ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির ১ম ও ২য় পত্রের বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তক অনুমোদনের জন্য আগ্রহী লেখক/প্রকাশকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য পাণ্ডুলিপি আহ্বান করা যাচ্ছে। আগামী ০৭/০২/২০১৯ তারিখ পর্যন্ত চেয়ারম্যান, এনসিটিবি বরাবর, ১,০০০/- (এক হাজার) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সম্পাদনা শাখায় জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করে শিক্ষাক্রম সংগ্রহ করা যাবে।

আগ্রাহী লেখক/প্রকাশকগণের পাণ্ডুলিপি মূল্যায়ন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রতি পত্রের পাঠ্যপুস্তকের জন্য ৪৫,০০০/- টাকা এবং পাণ্ডুলিপি অনুমোদিত হলে অনুমোদন ফি বাবদ প্রতি পত্রের জন্য ১০,০০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, এনসিটিবি'র অনুকূলে জমা দিতে হবে। প্রতিটি পুস্তক তিন বছরের জন্য অনুমোদন দেওয়া হবে এবং সময়সীমা অতিক্রমের পর আগ্রহী লেখক/প্রকাশকগণ পুনঃঅনুমোদনের জন্য ফিসহ পাণ্ডুলিপি বোর্ডে জমা দিতে পারবেন।

বিষয়সমূহ:

| | | | |
|---|---|---|---|
| ১ | বাংলা (১ম ও ২য় পত্র) | ১৪ | সমাজবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ২ | ইংরেজি (১ম ও ২য় পত্র) | ১৫ | সমাজকর্ম (১ম ও ২য় পত্র) |
| ৩ | পদার্থবিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ১৬ | গার্হস্থ্যবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ৪ | রসায়ন (১ম ও ২য় পত্র) | ১৭ | ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র) |
| ৫ | জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ১৮ | মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ৬ | উচ্চতর গণিত (১ম ও ২য় পত্র) | ১৯ | ভূগোল (১ম ও ২য় পত্র) |
| ৭ | পরিসংখ্যান (১ম ও ২য় পত্র) | ২০ | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র) |
| ৮ | মৃত্তিকাবিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ২১ | হিসাববিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ৯ | ইতিহাস (১ম ও ২য় পত্র) | ২২ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (১ম ও ২য় পত্র) |
| ১০ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১ম ও ২য় পত্র) | ২৩ | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১ম ও ২য় পত্র) |
| ১১ | পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য় পত্র) | ২৪ | কৃষিশিক্ষা (১ম ও ২য় পত্র) |
| ১২ | অর্থনীতি (১ম ও ২য় পত্র) | ২৫ | ট্যুরিজম এন্ড হসপিটালিটি (১ম ও ২য় পত্র) |
| ১৩ | যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র) | | |

শর্তাবলি:

ক) প্রতিটি বিষয়ের ০৪ (চার) কপি পাণ্ডুলিপি কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে;

খ) পাঠ্যপুস্তকসমূহ বাংলা একাডেমির বানানরীতি অনুযায়ী প্রণয়ন করতে হবে (ইংরেজি ব্যতীত);

গ) পাণ্ডুলিপির নির্ধারিত সাইজ $^{১}/_{৮}$ ডিসি (ডবল ক্রাউন) হবে;

ঘ) কন্টেন্ট এরিয়া ৮.৫"×৬" হবে;

ঙ) SutonnyMJ এর ১২ ফন্ট ব্যবহার করে সিঙ্গেল লাইন স্পেস দিয়ে, সিঙ্গেল পেইজ-এ ছাপা হবে;

চ) প্রতি পত্রের ০৪ (চার) কপি পাণ্ডুলিপি মার্কিন কাপড় দিয়ে প্যাকেট করতে হবে। প্যাকেটটি সিলগালা করে উপরে বিষয়ের নাম এবং প্রাপক ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে;

ছ) প্রতিটি পাঠ্যপুস্তকের প্রতি ফি এর উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারি চালান (নং ১-১১৩৩-০০১০-০৩১১) এর মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি ব্যাংক ড্রাফটের সাথে জমা দিতে হবে;

জ) জমাকৃত পাণ্ডুলিপি অফেরতযোগ্য;

ঝ) একটি শিক্ষাক্রমের বিপরীতে ০১ (এক)টি পাণ্ডুলিপি জমা দেওয়া যাবে;

ঞ) পুস্তক আকারে পাণ্ডুলিপি জমাদানের শেষ তারিখ ২০/০২/২০১৯ ইং।

শিক্ষাক্রম ও পাণ্ডুলিপি প্রধান সম্পাদক, এনসিটিবি'র ৪র্থ তলা থেকে অফিস সময়ে গ্রহণ ও জমা দিতে হবে।

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
সচিব
ফোন : ৯৫৬৫৬৪৪

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

বিজ্ঞপ্তি নং : ১১

তারিখ : ২১/০১/২০১৯

## পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি মূল্যায়নের জন্য মূল্যায়নকারী তালিকাভুক্তিকরণ

পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী রচিত ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি মূল্যায়ন করার জন্য কলেজ/বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ চেয়ারম্যান, এনসিটিবি বরাবর আগামী ১৪/০২/২০১৯ তারিখের মধ্যে ১. নাম, ২. পদবি, ৩. কর্মরত প্রতিষ্ঠানের নাম, ৪. বর্তমান যোগাযোগের ঠিকানা (টেলিফোন/মোবাইল নম্বরসহ), ৫. স্থায়ী ঠিকানা, ৬. অধ্যাপনার অভিজ্ঞতা, ৭. নিজস্ব লিখিত বই/পাঠ্যপুস্তক/দেশি ও বিদেশি জার্নালে যদি লিখে থাকেন তবে বই-এর নাম এবং প্রকাশনা সংস্থার নাম, ৮. এনসিটিবিতে বিভিন্ন বিষয়ে কাজ করার অভিজ্ঞতা (যদি থাকে বিষয় ও তারিখসহ প্রমাণপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে) উল্লেখসহ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের বিষয়সমূহ:

| | | | |
|---|---|---|---|
| ১ | বাংলা (১ম ও ২য় পত্র) | ১৪ | সমাজবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ২ | ইংরেজি (১ম ও ২য় পত্র) | ১৫ | সমাজকর্ম (১ম ও ২য় পত্র) |
| ৩ | পদার্থবিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ১৬ | গার্হস্থ্যবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ৪ | রসায়ন (১ম ও ২য় পত্র) | ১৭ | ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র) |
| ৫ | জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ১৮ | মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ৬ | উচ্চতর গণিত (১ম ও ২য় পত্র) | ১৯ | ভূগোল (১ম ও ২য় পত্র) |
| ৭ | পরিসংখ্যান (১ম ও ২য় পত্র) | ২০ | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র) |
| ৮ | মৃত্তিকাবিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ২১ | হিসাববিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ৯ | ইতিহাস (১ম ও ২য় পত্র) | ২২ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (১ম ও ২য় পত্র) |
| ১০ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১ম ও ২য় পত্র) | ২৩ | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১ম ও ২য় পত্র) |
| ১১ | পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য় পত্র) | ২৪ | কৃষিশিক্ষা (১ম ও ২য় পত্র) |
| ১২ | অর্থনীতি (১ম ও ২য় পত্র) | ২৫ | ট্যুরিজম এন্ড হসপিটালিটি (১ম ও ২য় পত্র) |
| ১৩ | যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র) | | |

শর্তাবলি:

ক) আবেদনকারীকে সরকারি/বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ০৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। সরকারি/বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ে কর্মরত বি.এড/এম.এড ডিগ্রিধারীরাও ন্যূনতম ০৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন হলে আবেদন করতে পারবেন;

খ) ইতোপূর্বে এনসিটিবি'র একাদশ-দ্বাদশ শ্রেণির পাণ্ডুলিপি মূল্যায়নের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

গ) অনুমোদনের জন্য জমাকৃত পাণ্ডুলিপির অথবা ইতোপূর্বে অনুমোদিত পাঠ্যপুস্তকের লেখক/সম্পাদক মূল্যায়নকারী হিসেবে আবেদন করতে পারবেন না;

ঘ) প্রাপ্ত আবেদনপত্রসমূহ এনসিটিবি'র নির্ধারিত নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই করে মূল্যায়নকারী নির্বাচন করা হবে।

২১/১/১৯

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
সচিব
ফোন : ৯৫৬৫৬৪৪